"উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ
দিরাই উপজেলা পরিষদ
সুনামগঞ্জ জেলা।

**জুন/২০১৯ মাসে অনুষ্ঠিত উপজেলা পরিষদের সাধারণ সভার কার্যবিবরণী (৩য় সভা)**

সভাপতি ঃ জনাব মোঃ মোঃ মঞ্জুর আলম চৌধুরী, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই
সভার স্থান ঃ উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ
সভার তারিখ ও সময় ঃ ১৯/০৬/২০১৯ খ্রিঃ, সকাল ১০.০০ ঘটিকা।

(সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যগণের তালিকা পরিশিষ্ট 'ক' এবং 'খ' তে দেখানো হয়েছে)

সভার প্রারম্ভে সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানান। অত:পর সভাপতির অনুরোধক্রমে মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার সভার কাজ পরিচালনা করেন। তিনি পূর্ববর্তী সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনান। এতে নিম্নরূপ সংশোধনী সহ তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত ও গৃহীত হয়। সংশোধনী- উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, দিরাই বলেন- (১) বিগত- ০৯/০৫/২০১৯ তারিখের সাধারণ সভার কার্যবিবরণীর উপজেলা পরিষদের কমিটি গঠন সংক্রান্ত আলোচনার (খ) নং যোগাযোগ ও ভৌত অবকাঠামো উন্নয়ন সংক্রান্ত কমিটিতে ছাপার ভুলের কারণে সদস্য সচিবের নাম লেখা হয়েছে উপজেলা প্রকৌশলী/প্রকল্প বাস্তবায়ন অফিসার, দিরাই। যা প্রকৃত পক্ষে হবে উপজেলা প্রকৌশলী/উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, দিরাই তা লেখার জন্য অনুরোধ জানান। (চ) নং স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা সংক্রান্ত কমিটিতে ছাপার ভুলের কারণে সদস্য সচিবের নাম লেখা হয়েছে উপজেলা কৃষি অফিসার/সহকারী প্রকৌশলী সেচ(বিএডিসি), দিরাই। যা প্রকৃত পক্ষে হবে উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পা অফিসার/উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, দিরাই তা লেখার জন্য অনুরোধ জানান। উপরোক্ত সদস্য সচিবের নাম সংশোধনের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। অতঃপর আলোচ্যসূচী অনুযায়ী নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| বিষয় | আলেচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| (১) বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন | মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনান। বিগত সভার কার্যবিবরণীর বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।<br><br>**সিদ্ধান্ত ঃ** বিগত সভার কার্যবিবরণীর উপরোক্ত সংশোধনী সহ তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত ও গৃহীত হয়। | মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার, দিরাই |
| (২) উপজেলা পরিষদের/প্রকল্প বাছাই/দরপত্র মূল্যায়ন কমিটির প্রতিবেদন পর্যালোচনা/অনুমোদন | (ক) উপজেলা প্রকৌশলী, দিরাই সভায় জানান বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি)র আওতায় বিশেষ বরাদ্দ হিসাবে স্থানীয় সরকার বিভাগ থেকে ৮,৪৪,০০০/- (আট লক্ষ চুয়াল্লিশ হাজার) টাকার বরাদ্দ পাওয়া গেছে। তার প্রেক্ষিতে গত ৩০/০৫/২০১৯ তারিখে উপজেলা পরিষদের উন্নয়ন তহবিল ব্যবহার নির্দেশিকা অনুযায়ি প্রকল্প বাছাই কমিটির সভা অনুষ্ঠিত হয়। সভায় ৪টি প্রকল্প বাস্তবায়নের জন্য সিদ্ধান্ত গৃহীত হয় যা অনুমোদনের জন্য পরিষদের সভায় উপস্থাপন করেন।<br><br>(খ) বিশেষ বরাদ্দের টাকার স্কীম বাস্তবায়নের জন্য দরপত্র (আরএফকিউ) আহবান করা হয় এবং উক্ত দরপত্রে মেসার্স আপন এন্টারপ্রাইজ, দিরাই- ৭,৭৯,৮৭০.৪৮ (সাত লক্ষ উনআশি হাজার আটশত সত্তোর টাকা আটচল্লিশ পয়সা) মূল্যে সর্বনিম্ন দর দাতা নির্বাচিত হয়। যা অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করেন।<br><br>(গ) ২০১৮-২০১৯ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচীর আওতায় দরপত্রের মাধ্যমে বাস্তবায়িত প্যাকেজ নং-ADP/DER/2018-19/W-01 এর "রফিনগর ইউপির নোয়াগাঁও স্কুল উন্নয়ন", প্যাকেজ নং-ADP/DER/2018-19/W-06 এর "শ্যামারচর উজানগাঁও রাস্তার প্রতিরক্ষা কাজ" এবং প্যাকেজ নং-ADP/DER/2018-19/W-10 এর "আলহাজ্ব আব্দুল ওহাব উচ্চ বিদ্যালয়ের ছাদ নির্মাণ" কাজ সমূহ বাস্তব অবস্থার প্রেক্ষিতে চুক্তি মূল্যের মধ্যে সীমাবদ্ধ রেখে Recast Estimate তৈরী করা হয়েছে যা অনুমোদনের জন্য সভায় পেশ করা হয়। উপস্থাপিত বিষয়াদি সভায় অনুমোদনের প্রস্তাব/সুপারিশ করা হয়। বিষয়গুলো নিয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।<br><br>**সিদ্ধান্ত ঃ** প্রকল্প বাছাই কমিটির ৩০/০৫/২০১৯ তারিখের সভার কার্যবিবরণী সভায় সর্বসম্মতিক্রমে গৃহীত ও অনুমোদিত হয়। অনুমোদিত প্রকল্প তালিকা পরিশিষ্ট 'গ'।<br><br>(খ) স্কীম বাস্তবায়নের জন্য আহবানকৃত দরপত্র (আরএফকিউ) এর সর্বনিম্ন দর দাতা হিসাবে "মেসার্স আপন এন্টারপ্রাইজ" দিরাই' কে কাজটি সুষ্ঠু ও সন্দর ভাবে সম্পন্ন করার জন্য দ্রুত কার্যাদেশ প্রদানের জন্য উপজেলা প্রকৌশলী, দিরাই কে অনুরোধ জানানো হয়।<br><br>(গ) ২০১৮-২০১৯ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচীর আওতায় দরপত্রের মাধ্যমে বাস্তবায়িত প্যাকেজ নং-ADP/DER/2018-19/W-01 এর "রফিনগর ইউপির নোয়াগাঁও স্কুল উন্নয়ন", প্যাকেজ নং-ADP/DER/2018-19/W-06 এর "শ্যামারচর উজানগাঁও রাস্তার প্রতিরক্ষা কাজ" এবং প্যাকেজ নং-ADP/DER/2018-19/W-10 এর "আলহাজ্ব আব্দুল ওহাব উচ্চ বিদ্যালয়ের ছাদ নির্মাণ" কাজ সমূহ বাস্তব অবস্থার প্রেক্ষিতে চুক্তি মূল্যের মধ্যে সীমাবদ্ধ রেখে Recast Estimate সভায় সর্বসম্মতিক্রমে গৃহীত ও অনুমোদিত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই/ মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার, দিরাই/ উপজেলা প্রকৌশলী, দিরাই। |

"উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র"

| | | |
|---|---|---|
| (৩) বিগত মাসের উপজেলা পরিষদের আয়-ব্যয়ের হিসাব পর্যালোচনা | মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার দিরাই সভায় উপজেলা পরিষদের বিগত মে/১৯ মাসের আয়-ব্যয়ের হিসাব বিবরণী দাখিল করেন। দাখিলকৃত হিসাব বিবরণী নিম্নরূপ: | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই/ মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার, দিরাই |

| আয় | | | ব্যয় | | |
|---|---|---|---|---|---|
| ক্র:নং | বিবরণ | টাকা | ক্র:নং | বিবরণ | টাকা |
| ১ | সাব-রেজিষ্টার হতে ১% | ২৯৩২৮২/৮০ | ১ | জনাব মোঃ হাফিজুর রহমান তালুকদার, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই'কে এপ্রিল/১৯ ও মে/২০১৯ এর ০৮ দিনের সম্মানী ভাতা মাসের সম্মানী ও বাড়ি ভাড়া | ৫৫,৩২৮/- |
| | | | ২ | জনাব মোঃ গোলাপ মিয়া, ভাইস চেয়ারম্যান দিরাই'কে এপ্রিল/১৯ ও মে/২০১৯ এর ০৮ দিনের সম্মানী ভাতা মাসের সম্মানী | ৩৩,৯৬৮/- |
| ২ | ব্যাংক বিবরণী মোতাবেক প্রাপ্য | ৮৪,৩২৯/২০ | ৩ | অফিস সহায়কদ্বয়ের ও মালি/সুইপারের এপ্রিল/১৯ মাসের বেতন | ১৮,৪০০/- |
| | | | ৩ | উপজেলা পরিষদের সাঁট-মুদ্রাক্ষরিকের এপ্রিল/১৯ মাসের উপজেলা অংশের ১০% জিপিএফ কর্তন | ১,৫১২/- |
| | | | ৪ | উপজেলা পরিষদের মে/১৮ মাসের আনুষাঙ্গিক ব্যয়ের বিল প্রদান | ৪,০০০/- |
| | | | ৬ | জনাব দুদ বিবি, পিতা- আঃ সোবহান, সাং- আকিলশাহ পাড়া, কুলঞ্জ ইউ/পিকে অগ্নিকান্ডে পুড়ে যাওয়ায় আর্থিক অনুদান | ২০,০০০/- |
| | | | ৭ | উপজেলা পরিষদের প্রশাসনিক ভবনের পানির পাম্প মেরামত কাজের বিল প্রদান | ৭০০০/- |
| | | | ৮ | উপজেলা পরিষদের প্রশাসনিক ভবনের রং কাজ ও বৈদ্যুতিক মেরামত কাজের বিল প্রদান | ২,০০,০০০/ |
| | | | ৯ | জনাব মোঃ মঞ্জুর আলম চৌধুরী, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই'কে মে/২০১৯ এর ২৩ দিনের সম্মানী ভাতা মাসের সম্মানী ও বাড়ি ভাড়া | ২৯,৬৯৩/- |
| | | | ১০ | জনাব মোঃ মোহন চৌধুরী, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই'কে মে/২০১৯ এর ২৩ দিনের সম্মানী ভাতা | ২০,০৩৩/- |

“উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র”

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | | | | মাসের সম্মানী ও বাড়ি ভাড়া | |
| | | | ১১ | জনাব রিপা সিনহা, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই'কে মে/২০১৯ এর ২৩ দিনের সম্মানী ভাতা মাসের সম্মানী ও বাড়ি ভাড়া | ২০,০৩৩/- |
| | | | ১২ | অফিস সহায়কদ্বয়ের ও মালি/সুইপারের মে/১৯ মাসের বেতন | ১৯,৫৬০/- |
| | | | ১৩ | উপজেলা পরিষদের সাঁট-মুদ্রাক্ষরিকের মে/১৯ মাসের উপজেলা অংশের ১০% জিপিএফ কর্তন | ১,৫১২/- |
| মোট আয় | | ৩,৭৭,৬১২/৮০ | মোট ব্যয় | | ৪,৩১,০৩৯/- |
| সর্ব মোট আয় = | | ৩,৭৭,৬১২/৮০ | সর্ব মোট ব্যয় = | | ৪,৩১,০৩৯/- |
| সমাপনী স্থিতি = ১৩,৬৫,৮৯৬/৯০ | | | | | |

উপস্থাপিত হিসাব বিবরণী অনুমোদনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভার দৃষ্টি আকর্ষন করেন। বিষয়টি সম্পর্কে সভায় বিস্তারিত আলেচনা করা হয়।

সিদ্ধান্ত ঃ উপজেলা পরিষদের বিগত মে/১৯ মাসের দাখিলকৃত আয়-ব্যয়ের হিসাব বিবরণী সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়।

| | | |
|---|---|---|
| (৪) বিবিধ | (ক) মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার দিরাই, সুনামগঞ্জ সভায় জানান উপজেলা পরিষদের গণমিলনায়তনের বিদ্যুৎ বিল, উপজেলা পরিষদের কোয়াটারের পানির পাম্পের বিদ্যুৎ বিল এবং উপজেলা পরিষদের চেয়ারম্যান অফিসের বিদ্যুৎ বিল সর্বমোট- ৯২,৯০০/- (বিরানব্বই হাজার নয়শত) টাকার বিদ্যুৎ বিল আবাসিক প্রকৌশলী (বিদ্যুৎ), দিরাই এর কাছ থেকে পাওয়া গেছে। যা উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য সভায় অনুরোধ জানান।<br><br>সিদ্ধান্ত ঃ উপজেলা পরিষদের গণমিলনায়তনের বিদ্যুৎ বিল, উপজেলা পরিষদের কোয়াটারের পানির পাম্পের বিদ্যুৎ বিল এবং উপজেলা পরিষদের চেয়ারম্যান অফিসের বিদ্যুৎ বিল সর্বমোট- ৯২,৯০০/- (বিরানব্বই হাজার নয়শত) টাকার বকেয়া বিদ্যুৎ বিল উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই/ মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার, দিরাই/ |
| | (খ) মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার দিরাই, সুনামগঞ্জ সভায় জানান উপজেলা পরিষদের চেয়ারম্যান মহোদয়ের বাস ভবনের টেলিফোন বিল এবং উপজেলা পরিষদের অফিসের টেলিফোন বিল বাবদ সর্বমোট- ৪,১৮৬/- (চার হাজার একশত ছিয়াশি) টাকার বকেয়া টেলিফোন বিল বিটিসিএল, দিরাই এর কাছ থেকে পাওয়া গেছে। যা উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য সভায় অনুরোধ জানান।<br><br>সিদ্ধান্ত ঃ উপজেলা পরিষদের চেয়ারম্যান মহোদয়ের বাস ভবনের টেলিফোন বিল এবং উপজেলা পরিষদের অফিসের টেলিফোন বিল সর্বমোট- ৪,১৮৬/- (চার হাজার একশত ছিয়াশি) টাকার বকেয়া টেলিফোন বিল উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই/ মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার, দিরাই/ |
| | (গ) মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার দিরাই, সুনামগঞ্জ সভায় জানান উপজেলা পরিষদের নবনির্বাচিত ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যানদ্বয়ের জন্য উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ১,২৫,০০০/- (এক লক্ষ পচিশ হাজার) টাকা ব্যয়ে নতুন আসবাপত্র ক্রয়ের জন্য সভায় অনুরোধ জানান। উক্ত কাজটি সঠিক ভাবে সম্পন্ন করার জন্য ৭(সাত) সদস্য বিশিষ্ট একটি প্রকল্প বাস্তবায়ন কমিটি গঠনের জন্যও সভায় অনুরোধ জানান। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।<br><br>সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলাচনান্তে উপজেলা পরিষদের নবনির্বাচিত ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যানদ্বয়ের জন্য উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ১,২৫,০০০/- (এক লক্ষ পচিশ হাজার) টাকা ব্যয়ে নতুন আসবাপত্র ক্রয়ের জন্য ০৭(সাত) সদস্য বিশিষ্ট একটি প্রকল্প বাস্তবায়ন কমিটি (পিআইসি) গঠন করা হয়। উক্ত কমিটি নতুন আসবাপত্র ক্রয়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। গঠিত প্রকল্প বাস্তবায়ন কমিটি (পিআইসি) পরিশিষ্ট “ঘ”। | |
| | (ঘ) মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার দিরাই, সুনামগঞ্জ সভায় জানান উপজেলা পরিষদের | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই/ |

| | | |
|---|---|---|
| | নবনির্বাচিত ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যানদ্বয়ের জন্য উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে টেবলেট পিসি ক্রয়ের জন্য স্থানীয় সরকার বিভাগ, উপজেলা- ১শাখার স্মারক নং- ৪৬.০৪৬.০১৮.০০.০০.০৫৪.২০১৩- ১৩২, তারিখ- ২৭ জানুয়ারি, ২০১৬ মূলে নির্দেশনা রয়েছে। এই নির্দেশনার আলোকে দুইটি নতুন টেবলেট পিসি ক্রয়ের জন্য সভায় অনুরোধ জানান। উল্লেখ্য যে- ইতোপূর্বে ক্রয়কৃত টেবলেট পিসিগুলো বিভিন্ন সময়ে নষ্ট হয়ে গেছে মর্মে উপজেলা প্রকৌশলী, দিরাই সভায় জানান। বিষয়টি নিয়ে সভা বিস্তারিত আলোচনা হয়।<br><br>সিদ্ধান্ত ঃ উপজেলা পরিষদের নবনির্বাচিত ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যানদ্বয়ের জন্য স্থানীয় সরকার বিভাগ, উপজেলা- ১শাখার স্মারক নং- ৪৬.০৪৬.০১৮.০০.০০.০৫৪.২০১৩- ১৩২, তারিখ- ২৭ জানুয়ারি, ২০১৬ মূলে নির্দেশনার আলোকে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে দুইটি নতুন টেবলেট পিসি ক্রয়ের জন্য সভায় সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার, দিরাই |
| | (ঙ) চেয়ারম্যান উপজেলা পরিষদ, দিরাই সভায় জানান উপজেলা পরিষদের তাঁর, ভাইস চেয়ারম্যান এবং মহিলা ভাইস চেয়ারম্যানের মে ও জুন/২০১৯ পর্যন্ত সময়ের ভ্রমণ বিল অনুমোদনের জন্য সভায় অনুরোধ জানান। ভ্রমন বিল দৃষ্টে দেখাযায় চেয়ারম্যান উপজেলা পরিষদে, দিরাই এর ০২(দুই) মাসে সর্বমোট- ৮,১২৫/- (আট হাজার একশত পচিশ) টাকা মাত্র, ভাইস চেয়ারম্যান, এর ০২(দুই) মাসে সর্বমোট- ৬,০০০/- (ছয় হাজার) টাকা এবং মহিলা ভাইস চেয়ারম্যান, এর ০২(দুই) মাসে সর্বমোট- ৬,০০০/- (ছয় হাজার) টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য সভায় অনুরোধ জানান। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।<br><br>সিদ্ধান্ত ঃ মে ও জুন/২০১৯ পর্যন্ত সময়ের ভ্রমণ বিল চেয়ারম্যান উপজেলা পরিষদে, দিরাই এর ০২(দুই) মাসে সর্বমোট- ৮,১২৫/- (আট হাজার একশত পচিশ) টাকা মাত্র, ভাইস চেয়ারম্যান, এর ০২(দুই) মাসে সর্বমোট- ৬,০০০/-(ছয় হাজার) টাকা এবং মহিলা ভাইস চেয়ারম্যান, এর ০২(দুই) মাসে সর্বমোট- ৬,০০০/-(ছয় হাজার) টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই/ মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার, দিরাই |
| | (চ) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই সভায় জানান উপজেলা পরিষদের দাপ্তরিক কাজে ব্যবহৃত জীপ গাড়ির মেরামত বাবদ- ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা ব্যয় হয়েছে। ব্যয়িত টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য সভায় অনুরোধ জানান।<br><br>সিদ্ধান্ত ঃ উপজেলা পরিষদের দাপ্তরিক কাজে ব্যবহৃত জীপ গাড়ির মেরামত বাবদ- ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই/ মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার, দিরাই |
| | (ছ) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই সভায় জানান উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থায়নে গরীব ও মেধাবী ছাত্র/ছাত্রীদের বৃত্তি প্রদান অনুষ্ঠানটি আগামী- ৩০/০৬/২০১৯খ্রিঃ সকাল- ১০.০০ঘটিকার সময় উপজেলা পরিষদ গণমিলনায়তনে হবে। উক্ত অনুষ্ঠানটি সুষ্ঠ ভাবে সম্পাদন করার জন্য ০৩(তিন) সদস্য বিশিষ্টি কমিটির অনুমোদনের জন্য সভায় অনুরোধ জানান এবং অনুষ্ঠানে সকলকে উপস্থিত থাকার জন্য অনুরোধ জানান। সভায় বিষয়টি নিয়ে বিস্তারিত আলোচনা হয়।<br><br>সিদ্ধান্ত ঃ আগামী- ৩০/০৬/২০১৯খ্রিঃ সকাল- ১০.০০ঘটিকার সময় উপজেলা পরিষদ গণমিলনায়তনে উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থায়নে সর্বচ্চ- ১০০,০০০/- (এক লক্ষ) টাকা ব্যয়ে (এসএসসি তে জিপিএ- ৫.০০ প্রাপ্ত) গরীব ও মেধাবী ছাত্র/ছাত্রীদের বৃত্তি প্রদানঅনুষ্ঠানটি সুষ্ঠ ভাবে সম্পাদন করার জন্য গঠিত ০৩(তিন) সদস্য বিশিষ্টি কমিটির সর্বসম্মতিক্রমে অনুমোদন প্রদান করা হয় এবং সকলকে উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হয়। উক্ত বৃত্তি প্রদান অনুষ্ঠানটি করার লক্ষ্যে নিম্নোক্ত কমিটি গঠন করা হয় ঃ (১) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, দিরাই- আহবায়ক (২) একাডেমীক সুপারভাইজার, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের কার্যালয়, দিরাই- সদস্য (৩) উপজেলা শিক্ষা অফিসার, দিরাই- সদস্য। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই/ মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার, দিরাই |
| | (জ) মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার দিরাই, সুনামগঞ্জ সভায় জানান উপজেলা পরিষদের দাপ্তরিক কাজে ব্যবহৃত কম্পিউটার প্রিন্টারের জন্য ০২টি (দুই) টি টুনার ক্রয় বাবদ- ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা ব্যয় হয়েছে। ব্যয়িত টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য সভায় অনুরোধ জানান।<br><br>সিদ্ধান্ত ঃ উপজেলা পরিষদের দাপ্তরিক কাজে ব্যবহৃত কম্পিউটার প্রিন্টারের জন্য ০২টি (দুই) টি টুনার ক্রয় বাবদ ব্যয়িত- ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই/ মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার, দিরাই |
| | (ঝ) মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার দিরাই, সুনামগঞ্জ সভায় জানান উপজেলা পরিষদের দাপ্তরিক কাজে ব্যবহৃত কম্পিউটারে মডেম বিল এপ্রিল, মে এবং জুন/২০১৯খ্রিঃ ০৩(তিন) মাসের সর্বমোট- ১,৯৬৫/- (এক হাজার নয়শত পয়ষট্টি) টাকা ব্যয় হয়েছে। ব্যয়িত টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য সভায় অনুরোধ জানান।<br><br>সিদ্ধান্ত ঃ উপজেলা পরিষদের দাপ্তরিক কাজে ব্যবহৃত কম্পিউটারে মডেম বিল এপ্রিল, মে এবং জুন/২০১৯খ্রিঃ ০৩(তিন) মাসের সর্বমোট- ১,৯৬৫/- (এক হাজার নয়শত পয়ষট্টি) টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই/ মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার, দিরাই |

"উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র"

| | | |
|---|---|---|
| | (ঞ) মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার দিরাই, সুনামগঞ্জ সভায় জানান উপজেলা পরিষদের দাপ্তরিক কাজে ব্যবহৃত সৌর বিদ্যুতের ব্যাটারীর পানি ক্রয় জুলাই/২০১৮ হতে জুন/২০১৯ খ্রিঃ ১২(বার) মাসে সর্বমোট- ৩,০০০/- (তিন হাজার) টাকা ব্যয় হয়েছে। ব্যয়িত টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য সভায় অনুরোধ জানান।<br><br>সিদ্ধান্ত ঃ উপজেলা পরিষদের দাপ্তরিক কাজে ব্যবহৃত সৌর বিদ্যুতের ব্যাটারীর পানি ক্রয় জুলাই/২০১৮ হতে জুন/২০১৯ খ্রিঃ ১২(বার) মাসে সর্বমোট- ৩,০০০/- (তিন হাজার) টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই/ মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার, দিরাই |
| | (ট) মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার দিরাই, সুনামগঞ্জ সভায় উপজেলা নির্বাচন অফিসারের কার্যালয়, দিরাই, সুনামগঞ্জ এর স্মারক নং- ১৭.০৭.৯০২৯.০০০.৬৯.০০১.১৯-৬০, তারিখ- ০৯/০৪/২০১৯খ্রিঃ সভায় পাঠকরে শুনান। পত্র দৃষ্টে দেখাযায় বিগত- ২২/০৪/২০১০ খ্রিঃ উপজেলা পরিষদ সমন্বয় সভার সিদ্ধান্ত অনুযায়ী চান্দপুর মৌজার ৯৯নং জে,এল স্থীত ২৮০নং খতিয়ানের ১৮৯৪ দাগের ০.১০ একর ভূমিতে সার্ভার ষ্টেশন নির্মাণের কাজ শুরু হয় এবং ২৫% কাজ সম্পন্ন হয়। কাজ চলমান অবস্থায় জনাব মোঃ বোরহান উদ্দিন সরদার, সাব-রেজিষ্টার, দিরাই তাঁর অফিস সংলগ্ন পরিত্যক্ত আদালত ভবনের পাশে সার্ভার ষ্টেশন নির্মাণ না করার জন্য আদালতে নিষেধাজ্ঞা চেয়ে বিজ্ঞ সহকারী জজ আদালত দিরাই, সুনামগঞ্জ ৬/২০১১ নং স্বত্ত মোকদ্দমা দায়ের করলে ভবন নির্মাণ না করার জন্য মাননীয় আদালত অস্থায়ী নিষেধাজ্ঞা জারি করেন। মামলা নিষ্পত্তির বিষয়েটি দীর্ঘ সূত্রীতা পরিলক্ষিত হওয়ায় মাননীয় নির্বাচন কমিশন স্মারক নং- ১৭.০০.০০০০.০২১.১৪.০০২.১৮-১১৯, তারিখ- ০৯ জুলাই ২০১৮খ্রিঃ মূলে জনস্বার্থে বিকল্প স্থান নির্বাচন ও সার্ভার ভবন নির্মাণের প্রস্তাব কমিশনে প্রেরণের নির্দেশ প্রদান করেছেন। উল্লেখ্য যে- বিগত ১৫/০৪/২০১৯ তারিখে অত্র উপজেলায় সার্ভার ষ্টেশন/উপজেলা নির্বাচন অফিস নির্মাণের স্থান নির্বাচনের জন্য নির্বাচন কমিশন সচিবালয়ের মাননীয় অতিরিক্ত সচিব জনাব মোঃ মোখলেসুর রহমান ও মোঃ সাইফুল হক চৌধুরী, উপ-প্রধান (উন্নয়ন ও পরিকল্পনা) মহোদয়গণ সরেজমিন পরিদর্শন করেন। এমতাবস্থায় জনস্বার্থে দিরাই উপজেলা পরিষদে সার্ভার ষ্টেশন/উপজেলা নির্বাচন অফিস নির্মাণের জন্য ০.১০ একর ভূমি ব্যবহারের অনুমোদন দেয়ার জন্য অনুরোধ জানান। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।<br><br>সিদ্ধান্ত ঃ জনস্বার্থে দিরাই উপজেলা পরিষদে সার্ভার ষ্টেশন/উপজেলা নির্বাচন অফিস নির্মাণের জন্য ০.১০একর ভূমি উপজেলা পরিষদ মালিকানাধীন ডরমিটরী ভবনের দক্ষিণ পার্শ্বে (সামনে) চান্দপুর মৌজার ৯৯নং জে,এল স্থীত ২৮০ নং খতিয়ানের ১৮৯৫ দাগের ০.১০ একর (দশ শতাংশ) ভূমিতে সার্ভার ষ্টেশন/উপজেলা নির্বাচন অফিস নির্মাণের জন্য ভূমি ব্যবহারের ছাড়পত্র প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। এব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাচন অফিসার, দিরাইকে অনুরোধ জানানো হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই/ মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার, দিরাই |

**সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।**

(মোঃ মঞ্জুর আলম চৌধুরী)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ, দিরাই
সুনামগঞ্জ।

স্মারক নং- ০৫.৬০.৯০২৯.০০০.১০.০০১.১২-৬০ তারিখ ঃ ১৯/০৬/২০১৯খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতি/কার্যার্থে প্রেরণ করা হলো ঃ

০১। ড. জয়া সেনগুপ্তা, মাননীয় সংসদ সদস্য, সুনামগঞ্জ-২।
০২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। পরিচালক, স্থানীয় সরকার, সিলেট বিভাগ, সিলেট।
০৪। জেলা প্রশাসক, সুনামগঞ্জ।
০৫। উপপরিচালক, স্থানীয় সরকার, সুনামগঞ্জ।
০৬। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই, সুনামগঞ্জ।
০৭। মেয়র, দিরাই পৌরসভা।
০৮। উপজেলা ------------------------------------------------------------ অফিসার (সংশিষ্ট সকল), দিরাই।
০৯। চেয়ারম্যান------------------------------------------------------------ ইউ/পি (সকল), দিরাই।
১০। অফিস নথি/মাস্টার ফাইল।

(শরিফুল ইসলাম)
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ, দিরাই
ও
উপজেলা নির্বাহী অফিসার
দিরাই, সুনামগঞ্জ।

“উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র”

| পরিশিষ্ট “ক” | |
|---|---|
| সভায় উপস্থিত সদস্যগণের তালিকা | সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা |
| ০১। জনাব মোঃ মঞ্জুর আলম চৌধুরী, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই।<br>০২। জনাব মোঃ মোহন চৌধুরী, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই।<br>০৩। জনাব রিপা সিনহা, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই।<br>০৪। চেয়ারম্যান, রফিনগর ইউ/পি, দিরাই।<br>০৫। প্যানেল চেয়ারম্যান, ভাটিপাড়া ইউপি, দিরাই।<br>০৬। চেয়ারম্যান, রাজানগর ইউ/পি, দিরাই।<br>০৭। চেয়ারম্যান, চরনারচর ইউ/পি, দিরাই।<br>০৮। চেয়ারম্যান, দিরাই সরমঙ্গল ইউ/পি, দিরাই।<br>০৯। চেয়ারম্যান, জগদল ইউ/পি, দিরাই।<br>১০। চেয়ারম্যান, তাড়ল ইউ/পি, দিরাই।<br>১১। চেয়ারম্যান, কুলঞ্জ ইউ/পি, দিরাই।<br>১২। সংরক্ষিত মহিলা সদস্য, উপজেলা পরিষদ, দিরাই। | ০১। উপজেলা নির্বাহী অফিসার, দিরাই, সুনামগঞ্জ।<br>০২। উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্ত, দিরাই, সুনামগঞ্জ।<br>০৩। উপজেলা প্রাণিসম্পদ অফিসার, দিরাই, সুনামগঞ্জ।<br>০৪। উপজেলা প্রকৌশলী, দিরাই, সুনামগঞ্জ।<br>০৫। উপজেলা শিক্ষা অফিসার, দিরাই, সুনামগঞ্জ।<br>০৬। উপজেলা সমাজসেবা অফিসার, দিরাই, সুনামগঞ্জ।<br>০৭। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, দিরাই, সুনামগঞ্জ ।<br>০৮। উপজেলা যুবউন্নয়ন অফিসার, দিরাই, সুনামগঞ্জ।<br>০৯। উপজেলা পঃপঃ কর্মকর্তা, দিরাই, সুনামগঞ্জ।<br>১০। উপজেলা কৃষি অফিসার, দিরাই, সুনামগঞ্জ।<br>১১। উপজেলা মৎস্য অফিসার, দিরাই, সুনামগঞ্জ ।<br>১২। উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, দিরাই, সুনামগঞ্জ।<br>১৩। উপজেলা সমবায় অফিসার, দিরাই, সুনামগঞ্জ।<br>১৪। উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), দিরাই, সুনামগঞ্জ।<br>১৫। উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, দিরাই, সুনামগঞ্জ।<br>১৬। উপজেলা নির্বাচন অফিসার, দিরাই, সুনামগঞ্জ। |

| পরিশিষ্ট “খ” | |
|---|---|
| সভায় অনুপস্থিত সদস্যগণের তালিকা | সভায় অনুপস্থিত কর্মকর্তাগণের তালিকা |
| ০১। মেয়র, দিরাই পৌরসভা।<br>০২। চেয়ারম্যান, করিমপুর ইউ/পি, দিরাই। | ০১। উপজেলা মহিলা বিষয়ক অফিসার, দিরাই, সুনামগঞ্জ।<br>০২। ফরেস্টার/ডেপুটি রেঞ্জ অফিসার, দিরাই।<br>০৩। উপজেলা সমন্বয়কারী, একটি বাড়ি একটি খামার, প্রকল্প দিরাই, সুনামগঞ্জ। |